আজকের কাগজ

তারিখ 10 MAY 1992 পৃষ্ঠা ২ কলাম ৩

১৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# গুলির শব্দ ঃ দু'টি হলে তল্লাশি

কাগজ প্রতিবেদক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উত্তেজনাকর পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে। গতকালও ক্যাম্পাসে গুলি বর্ষণের ঘটনা ঘটেছে। দুপুর ১টার দিকে মুহসীন হলের সামনে ৩ রাউন্ড গুলির শব্দ শোনা যায়। দুপুর ২টার দিকে পুলিশের এক বিশাল বহর বঙ্গবন্ধু মুজিব হল ও মুহসীন হল তল্লাশি করে। দু' ঘন্টব্যাপী এ তল্লাশি অভিযানে পুলিশ কোনো অস্ত্র উদ্ধার করতে পারেনি। অবশ্য মুজিব হল থেকে ছাত্রলীগ ( না-শ)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার অর্থ বিষয়ক সম্পাদক মিজানুর রহমান ও মশিউর নামে দু'জনকে গ্রেফতার করে। মশিউরকে পরে ছেড়ে দেয়।

এদিকে ছাত্র লীগ (না-শ)-এর অভ্যন্তরীণ কোন্দলের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে জানা গেছে। আজ এ ব্যাপারে সংগঠন কার্যালয়ে কেন্দ্রীয় কমিটির জরুরি সভা বসবে। সভায় কয়েকজনকে বহিষ্কার করা হবে। এ বহিষ্কারের তালিকায় শফি গ্রুপের কর্মীরাই থাকবে বলে সূত্র জানায়।

শুক্রবার জাসদ কার্যালয়ে অনুষ্ঠিত ছাত্রলীগ ও সহযোগী সংগঠন জাসদ, শ্রমিক জোট ও কৃষক লীগের কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভায় সংঘর্ষের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত হয়।

ছাত্রলীগ (না-শ)-এর কেন্দ্রীয় কমিটির সভাপতি নাজমুল হক প্রধান ও সাধারণ সম্পাদক শফি আহমেদ এক বিবৃতিতে শুক্রবার রাতে ক্যাম্পাসে সংঘটিত গুলিবর্ষণের ঘটনায় ছাত্রলীগ ( না-শ) জড়িত বলে যে সংবাদ বিভিন্ন পত্র পত্রিকায় ছাপা হয়েছে তার তীব্র নিন্দা করেছেন। এক বিবৃতিতে তারা বলেন, ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলা করছে তখন একটি কায়েমী স্বার্থবাদী চক্র যারা ক্যাম্পাসে শান্তি চায় না তারা সূর্য সেন হল এলাকায় গোলাগুলি করে ছাত্রলীগ কর্মীদের মধ্যে নতুন করে ভুল বোঝাবুঝির সৃষ্টির অপপ্রয়াস চালাচ্ছে। নেতারা বিবৃতিতে 'বিভ্রান্তিকর ও তথ্যগত ত্রুটিপূর্ণ সংবাদ' পরিবেশনের তীব্র নিন্দা ও প্রতিবাদ করেন। পৃথক বিবৃতিতে তারা ছাত্রনেতা মিজানুর রহমান মিজানের মুক্তি দাবি করেন।